**নাট্যকলা বিভাগ**
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৫
ফোন : দপ্তর ০২৫৮৮৮৬৪১৪৫
ই-মেইল : theatre.ru26@gmail.com

**Department of Theatre**
University of Rajshahi
Rajshahi-6205
Phone : Off. 02588864145
E-mail : theatre.ru26@gmail.com

**স্মারক নম্বর-নাট্য./ /২০২৬** **তারিখ: ০৯.৮.২০২৬**

নাট্যকলা বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
*থিয়েটার জার্নাল* ৬ষ্ঠ সংখ্যার জন্য গবেষণা-প্রবন্ধ আহবান

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের গবেষণা পত্রিকা *থিয়েটার জার্নাল*-এর ৬ষ্ঠ সংখ্যার (ডিসেম্বর, ২০২৬) জন্য শিল্প, সাহিত্য ও সংস্কৃতিবিষয়ক গবেষণাধর্মী মৌলিক প্রবন্ধ আহবান করা হচ্ছে। উল্লেখ্য *থিয়েটার জার্নাল*-এ থিয়েটার বিষয়ক গবেষণা-প্রবন্ধ অগ্রাধিকারভিত্তিতে বিবেচিত হয়। প্রবন্ধ ৩০ সেপ্টেম্বর, ২০২৬ এর মধ্যে সম্পাদক, *থিয়েটার জার্নাল*, নাট্যকলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী-৬২০৫, বাংলাদেশ বরাবর প্রেরণ করতে হবে।

**প্রবন্ধকারের জন্য জ্ঞাতব্য**

১. প্রবন্ধের প্রথম পৃষ্ঠায় লেখকের নাম ও পরিচয় উল্লেখ থাকবে না। একটি স্বতন্ত্র পৃষ্ঠায় প্রবন্ধের শিরোনাম, লেখকের নাম ও পরিচয় লিপিবদ্ধ থাকবে।
২. প্রবন্ধ প্রকাশের জন্য সম্পাদক বরাবর একটি আবেদন পাঠাতে হবে। আবেদনে অবশ্যই যোগাযোগের পূর্ণ ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা থাকতে হবে।
৩. প্রবন্ধের মূল পাঠের শুরুতে অনধিক ২০০ শব্দের English abstract, গবেষণা পদ্ধতির উল্লেখসহ পাঁচটি চাবি শব্দ থাকতে হবে। গ্রন্থের একাধিক লেখক থাকলে তথ্যনির্দেশে সকলের নাম উল্লেখ করতে হবে।
৪. তথ্যনির্দেশের ক্ষেত্রে শিকাগো তথ্য-সূত্র রীতি (১৭তম সংস্করণ) অনুসরণ করতে হবে।
৫. উদ্ধৃতির মূল বানানের পরিবর্তন করা যাবে না। লেখক কোনো বিশেষ বানানবৈশিষ্ট্য রক্ষায় সচেষ্ট হলে তা অক্ষুণ্ন রাখা হবে। তথ্যনির্দেশ ও টীকার জন্য শব্দের উপর অধিলিপিতে (সুপার স্ক্রিপ্ট) সংখ্যা ব্যবহার (যেমন : [১]) এবং এন্ডনোট ব্যবহার করতে হবে।
৬. মূল পাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি হলে তা পৃথক অনুচ্ছেদে (ইনার) উপস্থাপন করতে হবে। নাটক/কবিতার উদ্ধৃতিতে মূলের পঙ্‌ক্তি-বিন্যাস অক্ষুণ্ন থাকবে।
৭. বানানের ক্ষেত্রে বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অথবা বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধানের প্রথম ভুক্তি অনুযায়ী প্রবন্ধ রচিত হওয়া বাঞ্ছনীয়। ইংরেজির ক্ষেত্রে বৃটিশ ফরমেট অনুসরণ করা আবশ্যক।
৮. প্রবন্ধ কম্পোজ হবে MS Word-এর SutonnyMJ ফন্টে। ফন্ট সাইজ হবে ১৪। লাইন স্পেস হবে ১.৫। ইংরেজি ফন্টের ক্ষেত্রে Times New Roman ব্যবহৃত হবে। ফন্ট সাইজ হবে ১২, লাইন স্পেস হবে ১.৫।
৯. প্রবন্ধ A-4 সাইজ কাগজে অনধিক ১৪ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
১০. রিভিউয়ার কর্তৃক সংশোধন/সংযোজন/বিয়োজনের পরামর্শ থাকলে সম্পাদনা পর্ষদ প্রদত্ত সময়ের মধ্যে তা সংশোধন/সংযোজন/বিয়োজন করে পাঠাতে হবে।
১১. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেয়া হয় না, তবে অবহিত করা হবে। প্রবন্ধ প্রকাশিত হলে লেখক তার কপি পাবেন।
১২. কম্পিউটার কম্পোজকৃত দুই কপি প্রিন্টেড পাণ্ডুলিপি ও একটি সিডি কপি সম্পাদক বরাবর প্রেরণ করতে হবে। প্রবন্ধের একটি সফ্‌ট কপি ও পিডিএফ কপি theatre.ru26@gmail.com বরাবর প্রেরণ করতে হবে।
১৩. থিয়েটার জার্নালে প্রকাশিত প্রবন্ধ-বিষয়ক দায়-দায়িত্ব প্রবন্ধকার বহন করবেন।

(মুহম্মদ আলমগীর, পিএইচডি)
সম্পাদক *থিয়েটার জার্নাল*
ও
সভাপতি
নাট্যকলা বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৫।